

দুরালাপনী : +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৮

Website: www.cnfctg.org, www.cnfctg.net

E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্মবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচারপত্র নং-৫৪/২০২৬

তারিখ: ২৭/০৯/২০২৬ খ্রি.

সম্মানিত সদস্যদের প্রতি,

বিএসটিআই ভবনস্থ কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম কার্যালয়ে এসোসিয়েশনের সার্ভিস সেন্টারে কম্পিউটার কমাশিয়াল সেবা চালু করা প্রসঙ্গে

এসোসিয়েশনের সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, নবসৃষ্ট কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম-এ আমদানি-রপ্তানি কার্যক্রম পূর্ণোদ্যমে শুরু হয়েছে। বর্তমানে কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম এর প্রশাসনিক ও দাপ্তরিক কার্যক্রম আত্মবাদস্থ বিএসটিআই ভবনের ৭ম তলা থেকে পরিচালিত হচ্ছে।

কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম-এ আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে সম্মানিত সদস্য সিএন্ডএফ এজেন্ট ও তাঁদের প্রতিনিধিদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে বিএসটিআই ভবনের ৭ম তলার ৭১৩ নম্বর কক্ষে এসোসিয়েশনের সার্ভিস সেন্টার স্থাপন করা হয়েছে এবং উক্ত সার্ভিস সেন্টার থেকে কল্যাণ তহবিল ফি গ্রহণ, বিল অব এন্ট্রির অ্যাসেসমেন্ট নোটিশ প্রিন্ট ও ফটোস্ট্যাট সেবা ইতিমধ্যে চালু রয়েছে।

আগামী ০১ অক্টোবর ২০২৬ইং হতে কম্পিউটার কমাশিয়াল সেবাও চালু করা হবে।

সম্মানিত সদস্যবৃন্দ কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম-এ আমদানি-রপ্তানি কার্যক্রম পরিচালনা ও সেবা গ্রহণে কোনো সমস্যার সম্মুখীন হলে তা এসোসিয়েশনকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

মো: শওকত আলী

সাধারণ সম্পাদক